



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজডক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩১
০৯ জুলাই ২০২৪

প্রশাসনিক পরিপত্র নং- ৩৯/২০২৪

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৩০ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৬৪৫তম সভায় অনুমোদিত এবং প্রশাসনিক পরিপত্র নং- ৩৬/২০২৪, তারিখ: ০৪ জুলাই ২০২৪ এর মাধ্যমে জারিকৃত “পুঁজিবাজারে বিনিয়োগ নীতিমালা-২০২৪” অনুযায়ী কর্পোরেশনের পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত কার্যাবলী তদারকির জন্য নিম্নোক্তভাবে ০৪ (চার) সদস্য বিশিষ্ট “বিনিয়োগ তদারকি কমিটি” গঠিত হলো:

০১. চেয়ারম্যান, আইসিবি পরিচালনা বোর্ড	সভাপতি
০২. ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি	সদস্য
০৩. আইসিবি পরিচালনা বোর্ড কর্তৃক মনোনীত পরিচালনা বোর্ডের একজন সদস্য	সদস্য
০৪. উপ-মহাব্যবস্থাপক, সেক্রেটারিজ ডিভিশন	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- প্রতি মাসে বিনিয়োগ নিরীক্ষা কমিটির সভা অনুষ্ঠানের পরবর্তীতে বিনিয়োগ তদারকি কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত কমিটি প্রতি মাসে একবার পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটির বিনিয়োগ সিদ্ধান্ত ও ক্রয়-বিক্রয় কার্যক্রম পর্যালোচনা (Review) করবে;
- পোর্টফোলিওর পারফরমেন্স পর্যালোচনা করবে;
- ব্যবস্থাপনা পরিচালক বা ইনভেস্টমেন্ট অডিট কমিটির নিকট উপস্থাপিত পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি বা বিডিং রিকমেন্ডেশন কমিটির কোন সদস্য কর্তৃক প্রদত্ত নোট অব ডিসেন্ট পর্যালোচনা করবে;
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি বা বিডিং রিকমেন্ডেশন কমিটির কোন সদস্যের বিরুদ্ধে কোন সুনির্দিষ্ট অভিযোগ উত্থাপিত হলে অভিযোগ বিচার বিশ্লেষণ করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে অথবা “পুঁজিবাজারে বিনিয়োগ নীতিমালা-২০২৪” এর ১৩.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা হবে কি-না সে বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবে;
- বিনিয়োগের জন্য কর্পোরেশন কোন সরকারি তহবিল বা বিশেষ তহবিল প্রাপ্ত হলে উক্ত তহবিল কোন কোন খাতে কী পরিমাণ ব্যয় করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে;
- মাস ভিত্তিক পোর্টফোলিও পারফরমেন্স সংক্রান্ত তথ্য, কমিটির মতামত, পর্যবেক্ষণ ইত্যাদি ব্যবস্থাপনা পরিচালকের মাধ্যমে পরিচালনা বোর্ড সমীপে উপস্থাপন করবে;
- কমিটি প্রয়োজনে “পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি” ও “বিডিং রিকমেন্ডেশন কমিটি” এর যে কোন সদস্যের নিকট তাঁদের কার্যক্রম, মতামত, সুপারিশ, নোট অব ডিসেন্ট ইত্যাদি বিষয়ে তথ্য জানতে ও ব্যাখ্যা চাইতে পারবে; এবং
- উপর্যুক্ত বিষয় ছাড়াও কমিটির সভাপতির অনুমোদনক্রমে সংশ্লিষ্ট অন্য যেকোনো বিষয় কার্যপরিধির অন্তর্ভুক্ত করা যাবে।

০২। এ পরিপত্র ০১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।


(মোঃ আবুল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
- উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
- মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
- আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।